গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট ও পরিকল্পনা অধিশাখা-১
www.mof.gov.bd.

নম্বরঃ - ০৭.০৩৩.০২০.০০.০০.০১২.২০১৩(অংশ)-০৯

তারিখঃ ২২ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয়/আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়ে "নৈতিকতা কমিটি" গঠন।**

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখার ১১/১২/২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৮২১.১৪.০৩৮.১৩.৫৯৭ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রেয় বর্ণিত পত্রটির ছায়ালিপি এতদসংগে সংযুক্ত করা হলো।

পত্রের নির্দেশনা অনুয়ায়ি হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের আওতাধীন বিভাগীয়/আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়ের নৈতিকতা কমিটি গঠন নিশ্চিতকরণ ও গৃহীত কার্যাবলি পরিবীক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও অগ্রগতির প্রতিবেদন অর্থ বিভাগের বাজেট ও পরিকল্পনা শাখায় আগামী ২৪/০১/২০১৭ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মুন্সী আবদুল আহাদ)
উপ-সচিব
ফোনঃ ৯৫৭৩৬৫৪
E-mail: mahad@finance.gov.bd

হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
সেগুন বাগিচা, ঢাকা।

**[দৃঃআঃ** এস এম রেজভী, অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন), হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় ]

অনুলিপি সদয় অবগতির জন্যঃ-

**০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।** [দৃঃআঃ খন্দকার সাদিয়া আরাফিন, সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা]
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় নিয়ন্ত্রণ), অর্থ বিভাগ।
০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। অফিস কপি।

E:\Budget Planing-1\NIS-Suddacher\Suddachar.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২১.১৪.০৩৮.১৩.৫৯৭

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৩ / ১১ ডিসেম্বর ২০১৬

## পরিপত্র

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয়/আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়ে 'নৈতিকতা কমিটি' গঠন।

সরকার কর্তৃক ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল অনুমোদিত হয়। উক্ত কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে নৈতিকতা কমিটি গঠনসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মন্ত্রণালয়ের আওতাধীন বিভাগীয়/আঞ্চলিক ও মাঠ পর্যায় কার্যালয়সমূহের নৈতিকতা কমিটি গঠনের বিষয়ে সুস্পষ্ট কোন নির্দেশনা না থাকায় বিভাগীয়/আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কোন কোন কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠিত হলেও বিভাগীয়/আঞ্চলিক ও মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠন করা হয়নি।

২। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কাজেই মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিভাগীয়/আঞ্চলিক ও মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের জন্য ১টি করে নৈতিকতা কমিটি গঠন করতে হবে। মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের নৈতিকতা কমিটি গঠন ও কার্যপরিধি হবে নিম্নরূপ:

(ক) কমিটির গঠন/কাঠামো:

অফিসপ্রধানকে আহ্বায়ক করে উপযুক্ত যেকোন গ্রেডের ৩/৫ জন কর্মকর্তা/কর্মচারীকে অন্তর্ভুক্ত করে নৈতিকতা কমিটি গঠন করতে হবে। এ কমিটির সদস্য-সচিব হিসাবে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট দায়িত্ব পালন করবেন।

(খ) কার্যপরিধি:

(১) সংশ্লিষ্ট মাঠ পর্যায় কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ;
(২) পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
(৩) কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে, তা নির্ধারণ; এবং
(৪) ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

(গ) বিভাগীয়/আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়ের বিশেষত্ব অনুযায়ী কমিটির কাঠামো ও কার্যপরিধি পরিবর্তন করা যেতে পারে। উল্লেখ্য, পদ্ধতিগত সমরূপতার চাইতে লক্ষ্য অর্জন গুরুত্বপূর্ণ। তবে কমিটির কার্যক্রম জাতীয় শুদ্ধাচার কৌশলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া বাঞ্ছনীয়।

৩। জাতীয় শুদ্ধাচার কৌশল-এর কপি তাঁর মন্ত্রণালয়/বিভাগে ইতঃপূর্বে প্রেরণ করা হয়েছে। এ ছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে (www.cabinet.gov.bd) উক্ত কপি পাওয়া যাবে।

৪। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের আওতাধীন বিভাগীয়/আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়ের নৈতিকতা কমিটি গঠন নিশ্চিতকরণ ও গৃহীত কার্যাবলি পরিবীক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(খন্দকার সাদিয়া আরাফিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৫৪৯
ই-মেইল: inar_sec@cabinet.gov.bd

বিতরণ:
১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর কার্যালয়, কাকরাইল, ঢাকা
২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,........................................................................, মন্ত্রণালয়/বিভাগ
৩। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০।

সদয় অবগতি ও কার্যার্থে:
১। চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/মহাপরিচালক/বিভাগীয় কমিশনার (সকল),........................................................
২। জেলা প্রশাসক,...............................
৩। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিব (সমন্বয় ও সংস্কার) মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। প্রোগ্রামার, মন্ত্রিপরিষদ বিভাগ (উপর্যুক্ত পরিপত্রটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**
সিজিএ ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নং-০৭.০৩.০০০০০.০০১.০৩.২৭১.১৬-৬৮-৬৮ তারিখ ঃ ২০-০১-২০১৭ খ্রিঃ।

অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নিম্নবর্ণিত কার্যালয়সমুহের পত্রগুলো সিজিএ/সিএও/ডিসিএ/ ডিএও/ ইউএও কার্যালয়ে পৃষ্ঠাংকন করা হলো।

১। অর্থ মন্ত্রণালয়ের পত্র নং ঃ ০৭.০৩৩.০২০.০০.০০.০১২.২০১৩(অংশ)-০৯, তারিখ ঃ ০৫-০১-২০১৭ খ্রিঃ।

২। ফিমা কার্যালয়ের পত্র নং ঃ ফিমা/ওরিয়েন্টেশন(এএন্ডএও)/১৮২৭/৬৪৪, তারিখ ঃ ০৩-০১-২০১৭ খ্রিঃ।

Mhossen 20.01.17

(মানিক হোসেন)
সহকারী হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)
ফোনঃ ৯৩৩৮৫৪৯।